

আল্লাহ মিথ্যাকে নিশ্চিহ্ন করে দেন

وَيَمْحُ اللَّهُ الْبَاطِلَ

আল্লাহ মিথ্যাকে নিশ্চিহ্ন করে দেন

[সূরা আশ শূরা আয়াত ২৪]

এই আয়াতের ক্রিয়া **يَمْحُ** [ইয়াম'হ] মূলত **يَمْحُو**। এটা **مَحًا** [মাহা] ক্রিয়া থেকে আসা বর্তমান কাল যার অর্থ হচ্ছে 'অপসারণ করা/নিশ্চিহ্ন করে দেয়া'।

আপনি দেখবেন যে **واو** হরফটি উপরের আয়াতে বাদ দেয়া হয়েছে।

واو হরফটি ব্যকরণগত কারণে বাদ দেয়া হয়নি কারণ আয়াতটিতে এমন কিছু নেই যার কারণে ব্যকরণগত অবস্থান থেকে একে বাদ দেয়া যেতে পারে। এটা সূরার আলোচিত অংশে একটি নতুন বাক্য ও এর অর্থ হচ্ছে আল্লাহ সব ধরনের মিথ্যাকে অপসারণ করেন/নিশ্চিহ্ন করে দেন। যদি আমাদের এই বাক্যটা লিখতে হতো তাহলে আমরা এভাবে লিখতামঃ

يَمْحُو اللَّهُ الْبَاطِلَ

আমরা দেখছি যে **واو** -কে যথাস্থানে রাখা হয়েছে। কিন্তু উপরের আয়াতের ক্ষেত্রে এমনটি করা হয়নি। তাহলে প্রশ্ন হচ্ছে কেন? এই কেন-র উত্তর হিসেবে বেশ কিছু কারণ রয়েছে।

واو -কে বাদ দেয়ায় ভাষার অলঙ্কারের প্রকাশ পাচ্ছে। যখন আল্লাহ সিদ্ধান্ত নেন মিথ্যাকে নিশ্চিহ্ন করে ফেলার, তিনি সেটা সবচেয়ে দ্রুততার সাথে ও যথাসাধ্য সহজ পথে করে থাকেন। এই বাদ দেয়ার ফলে ক্রিয়াকে সংক্ষিপ্ত করে কাজটা যথাসাধ্য দ্রুত সময়ের মাঝে সম্পাদন করতে যে চেষ্টার প্রয়োজন তার সহজতাকে বোঝানো হয়েছে।

আরও একটা কারণ হচ্ছে এই যে আল্লাহ মিথ্যা থেকে এতটাই দূরে যে তাঁর নামের সাথে এমন একটা শব্দ জড়িত হওয়া অনাকাঙ্ক্ষিত। তাই, এই বাদ দেয়ার মধ্য দিয়ে আল্লাহর সাথে এমন একটা শব্দের দূরত্বের বিষয়টিকে আরও জোরদার করা হয়েছে এবং এটা বোঝাচ্ছে যে তিনি এমন একটা নেতিবাচক শব্দ আরোপিত হওয়া থেকে অনেক উদ্ধে।

আবু এযরা

أَبُو عَزَيْرٍ

অনুবাদ : রাবেয়া রওশীন